## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য অধিদফতর
## বাংলাদেশ সচিবালয়
## ঢাকা।

# সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ২৫ আগস্ট ২০১৫, ১০ ভাদ্র ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ঢাকায় দুই আন্তর্জাতিক সংস্থার সদর দফতর স্থাপনে বাধা রইল না : মন্ত্রিসভায় সারসো ও বিমসটেক চুক্তি অনুমোদন

২। জেএসসি- জেডিসি পরীক্ষার প্রশ্ন ফাঁস হলে কঠোর ব্যবস্থা : শিক্ষামন্ত্রী

৩। শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ মডেল দেশ : স্বাস্থ্যমন্ত্রী

৪। ডিসেম্বরের মধ্যে ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার রায় : আইনমন্ত্রী

৫। বাংলাদেশ থেকে ওষুধ আমদানিতে আগ্রহী মালদ্বীপ

৬। শিক্ষার ওপর ভ্যাট আরোপ কেন অবৈধ নয় : হাইকোর্ট

৭। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার সুযোগ একবারই

৮। সন্ত্রাসবিরোধী আইনের মামলায় তিন আইনজীবী পুনরায় রিমান্ডে

৯। পেঁয়াজের কেজি এক লাফে ৯০ টাকা : পরিস্থিতি নিয়ন্ত্রণে আমদানির সিদ্ধান্ত

১০। শারীরিক প্রতিবন্ধীরা কাজ পাবেন পোশাক কারখানায়

১১। চট্টগ্রামের শিকলবাহা থেকে ২৭০ কেজি বিস্ফোরক উদ্ধার

চলমান পাতা/২

১। ঢাকায় দুই আন্তর্জাতিক সংস্থার সদর দফতর স্থাপনে বাধা রইল না

: মন্ত্রিসভায় সারসো ও বিমসটেক চুক্তি অনুমোদন

বাংলাদেশে দুই আন্তর্জাতিক সংস্থার সদর দফতর স্থাপনে দু'টি চুক্তির অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। রিপাবলিক অব বাংলাদেশ অ্যান্ড সাউথ এশিয়ান রিজিওনাল স্ট্যান্ডার্ডস অর্গানাইজেশন (সারসো) শীর্ষক চুক্তিতে একটি মান সংস্থার সদর দফতর প্রতিষ্ঠিত হবে। আর সাত দেশের জোটের সদর দফতরের জন্য 'হেডকোয়ার্টার্স এগ্রিমেন্ট বিটুইন দ্য গবর্নমেন্ট অব দ্য পিপলস রিপাবলিক অব বাংলাদেশ অ্যান্ড দ্য সেক্রেটারিয়েট অব দ্য বে অব বেঙ্গল ইনিশিয়েটিভ ফর মাল্টিসেক্টরাল টেকনিক্যাল অ্যান্ড ইকোনমিক কো-অপারেশন (বিমসটেক)' চুক্তির অনুমোদন দেওয়া হয়। এছাড়া অর্পিত সম্পত্তি আইনের সংশোধনের খসড়ায় কিছু অনুশাসন দিয়ে তা আবার ভূমি মন্ত্রণালয়ে ফেরত পাঠিয়েছে মন্ত্রিসভা। গতকাল ২৪ আগস্ট সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে চুক্তি দু'টির আনুষ্ঠানিক অনুমোদন দেওয়া হয়। সূত্র- জনকণ্ঠ (পৃ.১,ক.৩), ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.১,ক.৪), ডেইলি স্টার (পৃ.১,ক.১), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.৩)।

২। জেএসসি- জেডিসি পরীক্ষার প্রশ্ন ফাঁস হলে কঠোর ব্যবস্থা : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জেএসসি ও জেডিসি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন। গতকাল ২৪ আগস্ট সোমবার ঢাকার তেজগাঁওয়ে বিজি প্রেসের সভাকক্ষে এবারের জেএসসি, জেডিসি পরীক্ষা উপলক্ষে আইন-শৃঙ্খলা রক্ষা সংক্রান্ত সভায় সভাপতির বক্তৃতায় তিনি এ আহ্বান জানান। সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা সম্পাদনের লক্ষ্যে প্রশ্নপত্র মুদ্রণ, বিতরণ, গোপনীয়তা ও নিরাপত্তা বিষয়ে জাতীয় মনিটরিং কমিটির এ সভার আয়োজন করে। সূত্র-সমকাল (পৃ.১৭,ক.৫), নিউজ টুডে (পৃ.২,ক.২)

৩। শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ মডেল দেশ : স্বাস্থ্যমন্ত্রী

জঙ্গি দমনে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার কার্যক্রম বিশ্বে ব্যাপক প্রশংসিত হয়েছে উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, বাংলাদেশ ইতোমধ্যে দক্ষিণ এশিয়ার একটি মডেল দেশ হিসেবে পরিচিতি লাভ করেছে। বঙ্গবন্ধুকন্যার নেতৃত্বেই বাংলাদেশ খুব শিগগিরই মধ্যম আয়ের দেশে পরিণত হতে যাচ্ছে। ধারাবাহিকভাবে আওয়ামী লীগ ক্ষমতায় থাকলে এদেশ অবশ্যই বিশ্বের মধ্যে আগামীতে একটি সমৃদ্ধশালী দেশ হিসেবে পরিণত হবে। গতকাল ২৪ আগস্ট সোমবার সন্ধ্যায় সিরাজগঞ্জের কাজীপুরের চালিতাডাঙ্গা ইউনিয়নের চরভানুডাঙ্গা গ্রামে প্রায় সোয়া দুই কোটি টাকা ব্যয়ে সাড়ে ৯ কিলোমিটার বিদ্যুৎ লাইন সম্প্রসারণ কাজ এবং ৫৯৩ পরিবারের মধ্যে বিদ্যুৎ সংযোগ সুইচ টিপে উদ্বোধন শেষে প্রধান অতিথির বক্তব্যে মোহাম্মদ নাসিম এসব কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.১৭,ক.১), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২)।

৪। ডিসেম্বরের মধ্যে ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার রায় : আইনমন্ত্রী

আইনমন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক বলেছেন, আগামী ডিসেম্বরের মধ্যে একুশে আগস্ট গ্রেনেড হামলা মামলার বিচারিক রায় হবে। গতকাল ২৪ আগস্ট সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে ছাত্রলীগ আয়োজিত এক আলোচনা সভায় দেওয়া বক্তৃতায় তিনি এ কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৮), সংবাদ (পৃ.১,ক.১), প্রথম আলো (শেষ পৃ.,ক.২), ডেইলি সান (শেষ পৃ.,ক.৪), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.১)।

৫। বাংলাদেশ থেকে ওষুধ আমদানিতে আগ্রহী মালদ্বীপ

বাংলাদেশ থেকে ওষুধ ও নদীর বালি আমদানির বিষয়ে আগ্রহ প্রকাশ করেছে মালদ্বীপ। এছাড়া বাংলাদেশের গভীর জলসীমায় টুনা মাছ আহরণে একটি যৌথ ফিশিং কোম্পানি গঠন এবং মালদ্বীপের সাথে বাংলাদেশের সরাসরি জাহাজ চলাচলের লক্ষ্যে একটি শিপিং লাইন চালুর প্রস্তাবেও মালদ্বীপ সম্মত হয়েছে। সম্প্রতি মালদ্বীপ সফরকালে শিল্পমন্ত্রী আমির হোসেন আমুর সাথে অনুষ্ঠিত বৈঠকে মালদ্বীপের উপরাষ্ট্রপতি আহমেদ আদিব আব্দুল গাফুর এ আগ্রহের কথা জানান। মালদ্বীপের রাষ্ট্রপতির সচিবালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র- ইত্তেফাক (পৃ.১৮,ক.৭), সমকাল (পৃ.১৪,ক.১), সংবাদ (পৃ.১৪,ক.১)।

৬। শিক্ষার ওপর ভ্যাট আরোপ কেন অবৈধ নয় : হাইকোর্ট

বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিকেল কলেজ এবং বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীদের টিউশন ফির ওপর ভ্যাট আরোপ করা কেন অবৈধ ঘোষণা করা হবেনা তা জানতে চেয়ে পুনরায় রুল জারি করেছে হাইকোর্ট। গতকাল ২৪ আগস্ট সোমবার বিচারপতি শেখ হাসান আরিফ ও বিচারপতি জেএন দেব চৌধুরীর বেঞ্চ এ রুল জারি করে। সূত্র- যায়যায়দিন (পৃ.৩,ক.৫), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.৩), নিউ নেশন (শেষ পৃ.,ক.১)।

৭। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার সুযোগ একবারই

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ভর্তি পরীক্ষায় একবারই অংশগ্রহণের সুযোগ পাবেন ভর্তিচ্ছু শিক্ষার্থীরা। ঢাবি কর্তৃপক্ষের এ সিদ্ধান্ত গতকাল ২৪ আগস্ট সোমবার বহাল রেখেছে সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। ফলে চলতি বছর এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণরাই এই বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাচ্ছেন। বিশ্ববিদ্যালয়

কর্তৃপক্ষের এমন সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে তা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট আবেদন দায়ের করেন দ্বিতীয়বার ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অভিভাবকরা। জুন মাসে হাইকোর্ট ওই রিট আবেদন খারিজ করে দেয়। হাইকোর্টের ওই রায়ের বিরুদ্ধে লিভ টু আপিল করেন রিটকারীরা। প্রধান বিচারপতি এসকে সিনহার নেতৃত্বাধীন আপিল বিভাগের চার বিচারপতির বেঞ্চ গতকাল ২৪ আগস্ট সোমবার ওই আবেদন খারিজ করে দেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), সংবাদ (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.৩,ক.৫), ডেইলি সান (শেষ পৃ.,ক.১)।

৮। সন্ত্রাসবিরোধী আইনের মামলায় তিন আইনজীবী পুনরায় রিমান্ডে

ঢাকা থেকে গ্রেফতার হওয়া তিন আইনজীবীকে হাটহাজারী থানায় দায়ের করা সন্ত্রাসবিরোধী আইনের একটি মামলায় পুনরায় রিমান্ডে নেওয়া হয়েছে। গতকাল ২৪ আগস্ট সোমবার চট্টগ্রামের সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোসাদ্দেক মিনহাজের আদালতে হাজির করে তাদের প্রত্যেকের পাঁচ দিনের রিমান্ডের আবেদন জানায় র‍্যাব। আদালত শুনানি শেষে ব্যারিস্টার শাকিলা ফারজানাকে দু'দিনের এবং তার জুনিয়র দুই আইনজীবী হাসানুজ্জামান লিটন ও মাহফুজ চৌধুরী বাপনকে তিন দিন করে রিমান্ডের আদেশ দেন। সূত্র-যুগান্তর (পৃ.১,ক.২), ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), যুগান্তর (পৃ.১,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৬)।

৯। পেঁয়াজের কেজি এক লাফে ৯০ টাকা : পরিস্থিতি নিয়ন্ত্রণে আমদানির সিদ্ধান্ত

পেঁয়াজের বাজারে বড় ধরনের অস্থিরতা দেখা দিয়েছে। একদিনের ব্যবধানে পেঁয়াজের দাম বেড়েছে কেজিতে ২০ টাকা। সরকারি সংস্থা টিসিবি ও কৃষি বিপণন অধিদপ্তরের হিসাব অনুযায়ী দুই দিনের ব্যবধানে পেঁয়াজের দর বেড়েছে সাড়ে ৩৭ শতাংশ। গতকাল ২৪ আগস্ট সোমবার রাজধানী ঢাকার বিভিন্ন বাজারে ৮৫ থেকে ৯০ টাকা দরে বিক্রি হয়েছে নিত্যপ্রয়োজনীয় এই পণ্য। পেঁয়াজের চড়া দাম নিয়ন্ত্রণে আনতে বাণিজ্য মন্ত্রণালয় গতকাল ২৪ আগস্ট সোমবার জরুরি বৈঠক করে। বৈঠকে সাধারণ ক্রেতাদের ন্যায্যমূল্যে পেঁয়াজ সরবরাহ করতে টিসিবির মাধ্যমে আমদানি করা এবং পেঁয়াজের বাজারে কারসাজি রোধে অভিযান পরিচালনার সিদ্ধান্ত হয়। সূত্র-সমকাল (পৃ.১,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.২), যুগান্তর (শেষ পৃ.,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৬)।

১০। শারীরিক প্রতিবন্ধীরা কাজ পাবেন পোশাক কারখানায়

পঙ্গু ও পক্ষাঘাতগ্রস্তসহ সব ধরনের শারীরিক প্রতিবন্ধীরা কাজ পাবেন পোশাক কারখানায়। কাজে নেওয়ার আগে তাদের ব্যবহারিক প্রশিক্ষণ দিয়ে যোগ্য করে তোলা হবে। পোশাক প্রস্তুতকারক ও রফতানিকারকদের সংগঠন বিজিএমইএ, জার্মান সহযোগিতা সংস্থা জিআইজেড ও সেন্টার ফর রিহ্যাবিলিটেশন অব দ্য প্যারালাইজড (সিআরপি) যৌথভাবে এ কার্যক্রম পরিচালনা করবে। এ লক্ষ্যে তিন পক্ষের মধ্যে একটি সমঝোতা চুক্তি সই হয়েছে। আগামী মাস থেকে এ কার্যক্রম শুরু হচ্ছে। গতকাল ২৪ আগস্ট সোমবার মিরপুরে সিআরপি কার্যালয়ে অনুষ্ঠিত চুক্তিতে বিজিএমইএর সহসভাপতি রিয়াজ বিন মাহমুদ, সিআরপির নির্বাহী পরিচালক শফিক-উল ইসলাম ও জিআইজেডের কর্মসূচি সমন্বয়ক জোয়েসেন উইকার্ট সই করেন। সূত্র-সমকাল (পৃ.১৪,ক.৪), ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), ডেইলি সান (পৃ.২,ক.২), নিউ নেশন (শেষ পৃ.,ক.৬)।

১১। চট্টগ্রামের শিকলবাহা থেকে ২৭০ কেজি বিস্ফোরক উদ্ধার

চট্টগ্রামের পটিয়া উপজেলার শিকলবাহা এলাকা থেকে গতকাল ২৪ আগস্ট সোমবার দুপুরে পাঁচ বস্তা বিস্ফোরক দ্রব্য উদ্ধার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন র‍্যাব। এই বিস্ফোরক দ্রব্যের সঙ্গে সংশ্লিষ্টতার অভিযোগে এক ব্যক্তিকেও আটক করা হয়েছে। সূত্র-যায়যায়দিন (পৃ.১৫,ক.৩), জনকণ্ঠ (পৃ.১,ক.৪)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : প্রাথমিক পাঠ্যবই ছাপা নিয়ে বিশ্বব্যাংক ও মুদ্রণ প্রতিষ্ঠানগুলোর মধ্যে যে বিরোধ দেখা দিয়েছে তা অবিলম্বে মিটিয়ে যথাসময়ে শিক্ষার্থীদের হাতে মানসম্মত পাঠ্যবই পৌঁছানোর সুপারিশ;

খ. জনকণ্ঠ : বিনামূল্যে বিতরণের ওষুধ রোগীদের না দিয়ে কালোবাজারে বিক্রি করার কথা উল্লেখ করে সরকারের বিনামূল্যে ওষুধ বিতরণ কার্যক্রম যারা ব্যাহত ও প্রশ্নবিদ্ধ করছে তাদের কর্মকাণ্ডের ব্যাপারে মনিটরিং ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ;

গ. সংবাদ : অবিরাম বৃষ্টি ও উজান থেকে আসা পাহাড়ি ঢলে উত্তরাঞ্চলের বিস্তীর্ণ এলাকা বন্যার পানিতে তলিয়ে যাওয়ার উদ্বেগ প্রকাশ করে বন্যাকবলিতদের জন্য ত্রাণের ব্যবস্থা করার পাশাপাশি বন্যা-উত্তর কৃষি পুনর্বাসন এবং সংক্রামক ও পানিবাহিত রোগ প্রতিরোধে প্রস্তুতি নেওয়ার সুপারিশ;

ঘ. সমকাল : ঢাকা সফররত ওআইসি মহাসচিবের সাথে সৌজন্য সাক্ষাতের সময় সন্ত্রাসবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়ে তা মোকাবিলায় অভিন্ন অবস্থান গ্রহণের যে আহ্বান প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুসলিম বিশ্বের প্রতি জানিয়েছেন তা সময়োচিত বলে মন্তব্য।

ঙ. ইনকিলাব, সংবাদ, নিউ এজ : বিচারবহির্ভূত হত্যাকাণ্ড বন্ধ করে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তার আইনানুগ দায়িত্ব যথাযথ ও নিরপেক্ষভাবে পালন করবে এই প্রত্যাশা ব্যক্ত;

চ. ডেইলি স্টার, ডেইলি সান, নিউজ টুডে : ভূমি সংক্রান্ত সেবায় ব্যাপক দুর্নীতি ও অব্যবস্থাপনা দূর করতে ভূমি অফিসকে ডিজিটালাইজড করে ভূমি সংক্রান্ত কার্যক্রম আরও দক্ষভাবে স্বচ্ছতার সঙ্গে সম্পন্নের ব্যবস্থা

গ্রহণের ওপর গুরুত্বারোপ;

ছ. ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান : সরকারি হাসপাতালের মেডিকেল যন্ত্রপাতি ক্রয়ে দুর্নীতিতে জড়িতদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের পাশাপাশি এসব যন্ত্রপাতির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার সুপারিশ;

জ. নিউ নেশন : নিষিদ্ধ ঘোষিত ওষুধ এখন বিক্রি হওয়ায় জনস্বাস্থ্যের জন্য তা হুমকি হওয়ায় দ্রুত আইনি পদক্ষেপ গ্রহণের দ্বারা যথাযথ শাস্তির ব্যবস্থা গ্রহণের আহ্বান;

ঝ. ফিনানশিয়াল এক্সপ্রেস : শিল্প ও ব্যবসার প্রভূত উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ ইকোনমিক জোনস অথরিটি ও মংলা এক্সপোর্ট প্রসেসিং জোন কর্তৃপক্ষকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে গণতান্ত্রিক শক্তির ত্রুটি-বিচ্যুতি গণতান্ত্রিকভাবেই সমাধান করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত 'মাদক আক্রান্ত যুবসমাজের পরিত্রাণ জরুরি' শিরোনামের নিবন্ধে মোতাহার হোসেন মাদকদ্রব্যের অপব্যবহারের শাস্তি অর্থদণ্ড, জেল-জরিমানা আদায়ের বিধান থাকলে মাদক নামক সর্বনাশা এই দুষ্ট ক্ষত থেকে যুবসমাজকে রক্ষা সম্ভব হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/খোরশেদ/২০১৫/৯.০০ ঘণ্টা